বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd

**বিষয়টি অতীব জরুরি**

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪-৬৫৫

তারিখ: ১৮ শ্রাবণ, ১৪৩৩
০২ আগস্ট, ২০২৬

**বিষয়: দেশের সকল বেসরকারি দাখিল ও আলিম মাদ্রাসার (নতুন) অ্যাডহক কমিটি পুনর্গঠন সংক্রান্ত।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫৬.২৬.০০১.১৮(অংশ-১)-৭২; তারিখ: ৩০ জুলাই ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি) প্রবিধানমালা, ২০২৫ এর প্রবিধি ৬৪ এর আলোকে দেশের যে সকল বেসরকারি দাখিল ও আলিম মাদ্রাসার অ্যাডহক কমিটি মেয়াদোত্তীর্ণ হয়েছে, **সে সকল মাদ্রাসাসহ সকল মাদ্রাসার অ্যাডহক কমিটি বাতিল করা হলো।**

২. দ্রুত অ্যাডহক কমিটি গঠনের অনুমতি গ্রহণপূর্বক আগামী **১৫ (পনেরো)** কার্য দিবসের মধ্যে নতুন অ্যাডহক কমিটি গঠন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিশেষ দ্রষ্টব্য**: এস. আর. ও. নং ৮৯-আইন/২০২৬। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৫ (সংশোধিত) এর (জ) প্রবিধান ৬৪ এর উপ-প্রবিধান (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:- (৩) সভাপতি মনোনয়নের ক্ষেত্রে মাদ্রাসা প্রধান, স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকের মাধ্যমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত ৯ম গ্রেড বা তদূর্ধ্ব পদমর্যাদার সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩ (তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন:

তবে শর্ত থাকে যে, সিটি কর্পোরেশনের আওতাভুক্ত মাদ্রাসার ক্ষেত্রে, মাদ্রাসা প্রধান বিভাগীয় কমিশনারের মাধ্যমে শিক্ষা বোর্ডের নিকট প্রস্তাব প্রেরণ করিবেন।

**সংযুক্তি:** বর্ণনা মোতাবেক।

০২/৮/২৬

**প্রফেসর এস এম তৌহিদুজ্জামান**
রেজিস্ট্রার
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/সুপার/প্রতিষ্ঠান প্রধান/সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা।

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪-৬৫৫(১৩)

তারিখ: ১৮ শ্রাবণ, ১৪৩৩
০২ আগস্ট, ২০২৬

সদয় অবগতি ও **প্রয়োজনীয়** কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (মাদ্রাসা অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা;
৩. যুগ্মসচিব (মাদ্রাসা অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৪. বিভাগীয় কমিশনার (সকল);
৫. জেলা প্রশাসক (সকল);
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৭. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৮. জেলা শিক্ষা অফিসার (সকল);
৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
১০. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
১১. সদস্যবৃন্দ-গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর আওতাধীন সকল মাদ্রাসা;
১২. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১৩. অফিস কপি।

০২/৮/২৬

**প্রফেসর এস এম তৌহিদুজ্জামান**
রেজিস্ট্রার
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

DR(A)
24/8/26

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০২
www.tmed.gov.bd

নথি নম্বর-৫৭.০০.০০০০.০৫৬.২৬.০০১.১৮(অংশ-১)-৭২

তারিখঃ ১৫ শ্রাবণ, ১৪৩৩ / ৩০ জুলাই, ২০২৬

**বিষয়: দেশের সকল বেসরকারি দাখিল ও আলিম মাদ্রাসার (নতুন) অ্যাডহক কমিটি পুনর্গঠন সংক্রান্ত।**

সূত্র: বামাশিবো, ঢাকা এর স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০১.২৫-৫৬১; তারিখ: ২৪/০৬/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি) প্রবিধানমালা, ২০২৫ এর প্রবিধি ৬৪ এর আলোকে দেশের যে সকল বেসরকারি দাখিল ও আলিম মাদ্রাসার অ্যাডহক কমিটি মেয়াদোত্তীর্ণ হয়েছে, সে সকল মাদ্রাসাসহ সকল মাদ্রাসার অ্যাডহক কমিটি বাতিলপূর্বক আগামী ১৫ (পনেরো) কার্য দিবসের মধ্যে নতুন অ্যাডহক কমিটি গঠন করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

৩০/০৭/২০২৬


(মোস্তাফিজুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
মাদ্রাসা শাখা-০২
ফোনঃ ০২-৫৫১০১০৯০


চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
০২, অরফ্যানেজ রোড, বক্শিবাজার, ঢাকা

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

০১। অতিরিক্ত সচিব (মাদ্রাসা অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
০২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা;
০৩। যুগ্মসচিব (মাদ্রাসা অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
০৪। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
০৫। অফিস কপি/মাস্টারকপি।


বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর

| |
|---|
| ডায়েরী নং- |
| তারিখ- |
| ✓ রেজিস্ট্রার |
| পরীক্ষা নিয়ন্ত্রক |
| পরিদর্শক |
| প্রকাশনা নিয়ন্ত্রক |
| উপ-রেজিস্ট্রার প্রশাসন/কমন |
| উপ-পরীক্ষা নিয়ন্ত্রক পরীক্ষা/গোপনীয় |
| হিসাব/শাঃ শিঃ |
| আইসিটি সেল/কম্পিউটার কেন্দ্র |
| জরুরী আলাপ করুন/ব্যবস্থা নিন |
| ০৪.০৮.২৬ চেয়ারম্যান |

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১৭, ২০২৬

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

**বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/০৫ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৮৯-আইন/২০২৬।**—বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আইন, ২০২০ (২০২০ সনের ২৭ নং আইন) এর ধারা ২৯ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(ক) প্রবিধান ১ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ১ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই প্রবিধিনামালা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি) প্রবিধানমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।";

(খ) প্রবিধান ৬ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ৬ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৬। **গভর্নিং বডির সভাপতি।**—(১) স্নাতক বা সমমানের পরীক্ষায় অনুত্তীর্ণ কোনো ব্যক্তি গভর্নিং বডির সভাপতি পদে মনোনীত হইতে পারিবেন না:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক মনোনীত কোনো দাতা সদস্য, বিদ্যোৎসাহী ব্যক্তি, স্থানীয় খ্যাতিমান সমাজসেবক বা কোনো ব্যক্তির বিশেষ যোগ্যতার ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না।

(২) শিক্ষা বোর্ড, উপ-প্রবিধান (১) এর অধীন প্রস্তাবিত ব্যক্তিগণের মধ্য হইতে একজনকে ম্যানেজিং কমিটির সভাপতি মনোনীত করিবে।

(৩) পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে সভাপতির পদ শূন্য হইলে, পদ শূন্য হইবার অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে, মাদ্রাসা প্রধান, এই প্রবিধানের বিধান অনুসরণপূর্বক, অবশিষ্ট মেয়াদের জন্য পুনরায় সভাপতি মনোনয়নের জন্য নাম ও জীবনবৃত্তান্ত সংবলিত প্রস্তাব শিক্ষা বোর্ডে প্রেরণ করিবেন।";

(ছ) প্রবিধান ১৪ এর উপ-প্রবিধান (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) ম্যানেজিং কমিটির সভাপতি ব্যতীত, অন্যান্য সদস্য নির্বাচন সম্পন্ন হইবার অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে মাদ্রাসা প্রধান, নির্বাচিত ব্যক্তিগণের পূর্ণ নাম ও ঠিকানা এবং প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রকাশিত সদস্য নির্বাচেনের ফলাফল বিবরণীর একটি অনুলিপি ও সভাপতি মনোনয়ের প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকের মাধ্যমে শিক্ষা বোর্ডে প্রেরণ করিবেন:

তবে শর্ত থাবে যে, সিটি কর্পোরেশনের আওতাভুক্ত মাদ্রাসার ক্ষেত্রে মাদ্রাসা প্রধান, বিভাগীয় কমিশনারের মাধ্যমে শিক্ষা বোর্ডের নিকট প্রস্তাব প্রেরণ করিবেন।";

(জ) প্রবিধান ৬৪ এর উপ-প্রবিধান (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) সভাপতি মনোনয়নের ক্ষেত্রে মাদ্রাসা প্রধান, স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকের মাধ্যমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত ৯ম গ্রেড বা তদূর্ধ্ব পদমর্যাদার সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩ (তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন:

তবে শর্ত থাকে যে, সিটি কর্পোরেশনের আওতাভুক্ত মাদ্রাসার ক্ষেত্রে, মাদ্রাসা প্রধান বিভাগীয় কমিশনারের মাধ্যমে শিক্ষা বোর্ডের নিকট প্রস্তাব প্রেরণ করিবেন।"।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আদেশক্রমে

**প্রফেসর মিঞা মোঃ নূরুল হক**
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd